শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

**প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা**

ISO 9001:2015 Certified

দুরালাপনী
**জেনারেল ম্যানেজার এর কার্যালয়: ০১৭৬৯-৪০০০৭২**
**সদর দপ্তর অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৮১০**
Web site : pbs.satkhira.gov.bd
E-mail : satkhirapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০২.০০৮.২৩. ১২৪৪

তারিখঃ ১৫/০৬/১৪৩০ বঙ্গাব্দ
৩০/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

**বিষয়ঃ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।**

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতোপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- অথবা সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়) /০৯ (নয়) বছর বা তদূর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে ।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।<br>ঘ) অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা অর্থাৎ সাতক্ষীরা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতোপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত / বরখাস্তকৃত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।<br>ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য।<br>চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ ম্যাসেঞ্জার / মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে । |

**(ক) আবেদনের নিয়মাবলীঃ**

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা-এর ওয়েবসাইট **Web:pbs.satkhira.gov.bd** মিটার রিডার-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) এর জন্য নির্ধারিত আবেদন ফরম **(ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)** A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **১৫/১০/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা-এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।**

**(খ) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ**

(১) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(২) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

(৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(৪) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(৫) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র (০৩,০৬,০৯, ও ১২ বছর) দাখিল করতে হবে, যা এজিএম(প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**(গ) আবেদনের অন্যান্য শর্তাবলীঃ**

০১। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদ বিবেচনা করা হবে । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০২ । সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট (ইতোপূর্বে না হয়ে থাকলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০২/০১ (দুই/এক) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা হবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী হলে তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

০৩। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৪। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় অথবা পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই ।

০৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ও চাকুরী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ভুল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করে নিয়োগ প্রাপ্ত হলে চুক্তিপত্র সহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৬। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৭। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

( জিয়াউর রহমান )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
} সদয় অবগতির জন্য।
৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------পবিস-১/২/৩/৪।
৫) সকল ডিজিএম, সাতক্ষীরা পবিস।
৬) সকল এজিএম, সাতক্ষীরা পবিস।
৭) নোটিশ বোর্ড/ ওয়েব সাইট, সাতক্ষীরা পবিস- ( **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে ওয়েবসাইটে আপলোড করার জন্য এজিএম (আইটি)-কে নির্দেশ প্রদান করা হলো)।**
৮) অফিস কপি/ মাস্টার কপি।

(জিয়াউর রহমান)
জেনারেল ম্যানেজার

ফরম নং-পমাসপ ১১০-০০২
ভার্সন -০১
অনুমোদিত ঃ ২৭/৪/২০১৪ খ্রিঃ

# সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরন করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আকটিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি
পাটকেলঘাটা, সাতক্ষীরা।

০১.নিয়োগ বিজ্ঞপ্তি নং-স্মারক নং-২৭. ১২.৮৭৯০.৫১৫.০০২.০৮.২৩.১২৪৪, তারিখ-৩০/০৯/২০২৩খ্রিঃ। ০৩. পদের ধরনঃ (চুক্তিভিত্তিক)

০২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ........ ০৫.প্রকাশনার তারিখ ........

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ........ বড় হাতের অক্ষরে ইংরেজীতে ........ ০৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

০৮. মাতার নাম ........

--------/-------/---------(দিন/মাস/বছর)
০৯. বয়স (৩০/০৯/২০২৩ খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম ........ ১১. ধর্ম ........

১২. জাতীয়তা ........ ১৩.নিজ জেলা ........

১৪. টেলিফোন/মোবাইল নম্বর ........

১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√) দিন)

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা ☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধী

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ........ খ. ডাকঘর ........ গ. উপজেলা/ থানা ........ ঘ. জেলা ........

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র /নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ........ খ. ডাকঘর ........ গ. উপজেলা/ থানা ........ ঘ. জেলা ........

১৯. ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর ........ ২০ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য ........ ২১. ইস্যুর তারিখ ........

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| এস.এস.সি/সমমান | | | |
| এইচ.এস.সি/সমমান | | | |
| স্নাতক | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| ইতিপূর্বে কর্মরত পবিসের / প্রতিষ্ঠানের নাম | চাকুরীর সময়কাল (হতে-পর্যন্ত) | প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|
| ০১। | | |
| ০২। | | |
| ০৩। | | |
| ০৪। | | |
| ০৫। | | |
| ০৬। | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন মোবাইর নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হার)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ন কিনা(হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ দন্ডের বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে সাতক্ষীরা পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে সাতক্ষীরা পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

---------------------------------------- তারিখ

------------------------------- আবেদনকারীর স্বাক্ষর